

💵 শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৪২, আয় ও ব্যয়ের মধ্যে সমন্বয় করা

আল্লাহ্ সুবহানাহু তা'আলা বলেছেন,

وَلا تَجْعَلْ يَدَكَ مَغْلُولَةً إِلَى عُنُقِكَ وَلا تَبْسُطْهَا كُلَّ الْبَسْطِ فَتَقْعُدَ مَلُومًا مَحْسُورًا

তোমরা (কৃপণতা করে) নিজেদের হাত গলার সাথে বেঁধে রেখো না আবার খোলামেলা ছেড়েও দিয়ো না। তাহলে তোমরা অক্ষম হয়ে যাবে, তিরস্কৃত হবে।[১]

অন্য জায়গায় বলা হয়েছে,

وَالَّذِينَ إِذَا أَنفَقُوا لَمْ يُسْرِفُوا وَلَمْ يَقْتُرُوا وَكَانَ بَيْنَ ذَٰلِكَ قَوَامًا

তারা খরচ করলে অপচয়ও করে না আবার কার্পণ্যও করে না বরং তারা এ দুটো অবস্থার মাঝামাঝি অবস্থান করে।[২]

সহীহ মুসলিমে মুগীরা ইবনু শুবা (রাঃ) থেকে বর্ণিত হয়েছে, রাসূল (সা.) বলেছেন- তিনটি বিষয় পরিহার করতে।
১. অতিরিক্ত ঠাট্টা মশকরা, ২. সম্পদের অপচয় এবং ৩. ভিক্ষাবৃত্তি।[৩]

ফুটনোট

- [১]. সূরা বানী ইসরাঈল, আয়াত : ২৯।
- [২]. সূরা আল ফুরকান, আয়াত : ৬৭।
- [৩]. সহীহ মুসলিম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12340

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন